

বাংলা ট্রিবিউন

ইউআইইউ'র নতুন ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ২০:৪৪, আগস্ট ০৮, ২০১৮ | সর্বশেষ আপডেট: ২০:৪৬, আগস্ট ০৮, ২০১৮



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য আবদুল হামিদ এ নিয়োগ দিয়েছেন। আগামী চার বছরের জন্য তাকে এ নিয়োগ দেওয়া হয়েছে।

নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার সুষ্ঠু পরিবেশ রক্ষা এবং ভাবমূর্তি বৃদ্ধিতে কাজ করে যাবো। ছাত্র-শিক্ষক অধিকার সুরক্ষা এবং বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ও প্রশাসনিকসহ সার্বিক কর্মকাণ্ড আরও গতিশীল করতে সকলের সহযোগিতা চান তিনি।

ড. চৌধুরী মোফিজুর রহমান ২০০৩ সাল থেকে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে পরপর তিনবার দায়িত্ব পালন করেন। ইউআইইউতে যোগ দেওয়ার আগে তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হিসেবে পনের বছর কর্মরত ছিলেন। এ সময়ে তিনি বিভাগের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন।

বুয়েট থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি এবং এমএসসি শেষ করে মোফিজুর রহমান মনোবসু বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। এছাড়াও তিনি ইউরোপীয় ইউনিয়নের ১১ মিলিয়ন ইউরো ব্যয়ে পরিচালিত তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও ফিউশন) যুগ্ম-সমন্বয়কের দায়িত্ব পালন করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তার ১১৯ টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

/এফ.এ.এন/

***বাংলা ট্রিবিউনে প্রকাশিত কোনও সংবাদ, কলাম, তথ্য, ছবি, কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার দণ্ডনীয় অপরাধ। অনুমতি ছাড়া ব্যবহার করলে কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করবে। (Unauthorized use of news, image, information, etc published by Bangla Tribune is punishable by copyright law. Appropriate legal steps will be taken by the management against any person or body that infringes those laws.)